

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬০

আগরতলা, ১৯ জুন, ২০২৪

বিধানসভার সদস্য হিসেবে
শপথ নিলেন দীপক মজুমদার

৭-রামনগর বিধানসভা ক্ষেত্রের উপনির্বাচনে জয়ী দীপক মজুমদার আজ ত্রিপুরা বিধানসভার লবিতে বিধানসভার সদস্য তথা বিধায়ক হিসেবে শপথ গ্রহণ করেন। তাঁকে শপথ বাক্য পাঠ করান ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনা। উল্লেখ্য, ৭-রামনগর বিধানসভা ক্ষেত্রের বিধায়ক সুরজিৎ দত্তের প্রয়াণে গত ১৯ এপ্রিল লোকসভা নির্বাচনের সাথে এই বিধানসভা ক্ষেত্রের জন্য উপনির্বাচন অনুষ্ঠিত হয়।

শপথ গ্রহণের পর প্রতিক্রিয়া জানাতে গিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বিধানসভার সদস্য হিসেবে দীপক মজুমদারকে স্বাগত জানান। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন তার বলিষ্ঠ ও সূচরু চিন্তাভাবনা বিধানসভার বিভিন্ন কাজ পরিচালনায় সহায়ক হবে। শপথ গ্রহণ অনুষ্ঠানে উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল সহ মন্ত্রিসভার বিভিন্ন সদস্য সদস্যগণ, বিধায়কগণ, আগরতলা পুরনিগমের কর্পোরেটরগণ, বিভিন্ন স্তরের রাজনৈতিক ব্যক্তিত্ব ও প্রশাসনিক আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
